

শেষ আবাসস্থল স্মৃতি জাদুঘর হচ্ছে মাইকেল জ্যাকসনের গণস্মরণ ও দাফন অনুষ্ঠান মঙ্গলবার

ইনকিলাব ডেস্ক : পপসম্রাট মাইকেল জ্যাকসনের গণস্মরণ ও দাফন অনুষ্ঠান আগামী মঙ্গলবার লস এঞ্জেলসে অনুষ্ঠিত হবে। জ্যাকসন পরিবারের একজন মুখপাত্র ও কনসার্টের আয়োজক গত বৃহস্পতিবার একথা জানান। এদিকে জ্যাকসনের শেষ আবাসস্থল স্মৃতি জাদুঘরে পরিণত করা হবে বলে ঘোষণা দেয়া হয়েছে। সূত্র : এএফপি ও রয়টার্স। জ্যাকসনের তিন সন্তানের অভিভাবকত্ব নিয়ে শুরু হওয়া ঝামেলায় দাফন ও স্মরণ অনুষ্ঠান নিয়ে সন্দেহ এখনও না কাটলেও কনসার্ট প্রমোটার এইজি লাইভ ও জ্যাকসন পরিবারের প্রতিনিধি সানশাইন অ্যাসোসিয়েটস জানিয়েছে, জ্যাকসনের গণস্মরণ অনুষ্ঠানটি মঙ্গলবার লস এঞ্জেলসে স্টেপলেস সেন্টার প্রাঙ্গণে অনুষ্ঠিত হবে। স্টেপলেস সেন্টারের ২০ হাজার আসনের মধ্যে ১১ হাজার টিকিট ইতোমধ্যেই ফুরিয়ে গেছে। গত বৃহস্পতিবার এক বিবৃতিতে তারা আরো জানান, ডাউন টাউন রক কনসার্ট ভ্যানুতে সকাল ১০টায় এই স্মরণসভা অনুষ্ঠিত হবে। জ্যাকসন মৃত্যুর আগে স্টেপলেস সেন্টারেই তিনি তার ১৩ জুলাইয়ে অনুষ্ঠেয় লন্ডন কনসার্টের মহড়া করেছিলেন। মৃত্যুর দু'রাত আগে জ্যাকসনের সেই মহড়ার ভিডিও কিলিপিং বৃহস্পতিবার সিএনএন প্রচার করে। এদিকে মৃত্যুর পূর্বে পপ তারকা মাইকেল জ্যাকসন যে বাড়ীতে বসবাস করেছেন লস এঞ্জেলসের সেই বাড়ীটিকে জনগণের জন্য উন্মুক্ত স্মৃতি জাদুঘরে পরিণত করা হবে। ফ্রেঞ্চ ফ্যাশন মুঘল ক্রিশ্চিয়ান অডিগিয়ার এ ঘোষণা দিয়ে বলেছেন, তিনি এই ভবনটি ক্রয় করবেন। অডিগিয়ারের প্রেস মুখপাত্র এক বিবৃতিতে বলেন, পপ আইকন জ্যাকসন বাড়ীটি ভাড়া নিয়েছিলেন এবং ছয় মাসের মধ্যে ভাড়ার মেয়াদ শেষ হয়ে যাবে। এরপর অডিগিয়ার বাড়ীটি কিনে নেবেন। অডিগিয়ার মাইকেলের সাথে কাটানো তার মূল্যবান সময়গুলোকে ধরে রাখার লক্ষ্যে এ বাড়ী ক্রয় করবেন বলে মুখপাত্র উল্লেখ করেন। তিনি আরো জানান, মাইকেলের বন্ধু অডিগিয়ার বাড়ীটি কিনে পপ স্টারের স্মৃতির প্রতি উৎসর্গ করবেন, যেখানে জনগণ ও তার ভক্তরা প্রবেশের সুযোগ পাবে। মাইকেল জ্যাকসন মাসিক ১ লাখ ডলারে বাড়ীটি ভাড়া নেন।

—